

২০২৫ সালে মাদরাসা ছুটি ৭৫ দিন, থাকছে শনিবারের ছুটিও

নিজস্ব
প্রতিবেদক

০১ জানুয়ারি,
২০২৫ ১৭:০১

শেয়ার

অ +

অ -



শিক্ষা মন্ত্রণালয়

২০২৫ শিক্ষাবর্ষের ছুটির তালিকা প্রকাশ করেছে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ। এতে মোট ৭৫ দিন ছুটি রয়েছে মাদরাসার জন্য।

সম্প্রতি ছুটির তালিকা প্রকাশ করেছে মন্ত্রণালয়। তাতে শুক্র ও শনিবার সাপ্তাহিক ছুটি বহাল রয়েছে।

কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের এসংক্রান্ত প্রজ্ঞাপনে দেখা যায়, ২০২৫ সালের সর্বোচ্চ ৩৮ দিন ছুটি থাকবে রোজা, স্বাধীনতা দিবস, পবিত্র জুমাতুল বিদা, পবিত্র লাইলাতুল কদর ও পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে। আগামী ২৫ ফেব্রুয়ারি থেকে শুরু হয়ে ৩ এপ্রিল পর্যন্ত চলবে এ ছুটি।

এ ছাড়া ঈদুল আজহা ও গ্রীষ্মকালীন অবকাশে ১৪ দিন সর্বোচ্চ ছুটি থাকবে। আগামী ৩ জুন থেকে ১৬ জুন এ ছুটি চলবে।

প্রতিষ্ঠান প্রধানের সংরক্ষিত ছুটি থাকবে তিন দিন, তবে তা মাদরাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালককে জানিয়ে উপভোগ করতে হবে।

ছুটির তালিকায় নির্দেশনা দেওয়া হয়েছে, সাপ্তাহিক ছুটি দুই দিন নির্ধারণ করায় প্রতিটি মাদরাসাকে যথাযথ পাঠ পরিকল্পনা প্রণয়ন করে সিলেবাস শেষ করতে হবে। ইবতেদায়ি ও দাখিল স্তরে অর্ধবার্ষিক পরীক্ষা ১২ মে থেকে ২ জুন পর্যন্ত হবে। ফল প্রকাশ হবে ২৫ জুন।

বার্ষিক পরীক্ষা ২০ নভেম্বর থেকে ১১ ডিসেম্বর পর্যন্ত হবে, ফল প্রকাশ করা হবে ৩০ ডিসেম্বর।

শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ বলছে, হাওর অঞ্চলের বোরো ধান কাটা উপলক্ষে মার্চ মাসের শেষ সপ্তাহ থেকে এপ্রিল মাসের প্রথম সপ্তাহ পর্যন্ত শিক্ষার্থীদের অনুপস্থিত থাকতে দেখা যায়। ফলে হাওর অঞ্চলের মাদরাসাগুলোর প্রধানরা মোট ছুটি ঠিক রেখে ঈদুল আজহা ও গ্রীষ্মকালীন ছুটি থেকে সমন্বয় করে ১০ দিন শ্রেণি কার্যক্রম বন্ধ রাখতে পারবেন।